গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.৯৮

তারিখ : ১৯ বৈশাখ ১৪৩১ / ০২ মে ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ মৌসুমে আউশ ধানের সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ২০৫.০০ (দুই কোটি পাঁচ লক্ষ) টাকা অর্থছাড়করণ ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি আদেশ।**

**সূত্র: কৃষি মন্ত্রণালয়ের উপযোজন সংক্রান্ত জি.ও নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.৯৭, তারিখ: ০২ মে ২০২৪ খ্রি.**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকমূলে পুন:উপযোজনের পরিপ্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটের ‘কোড-১২০০০৬৫০৫ কৃষি পুনর্বাসন সহায়তা’ খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে উপখাতে ২য় পুন:উপযোজনের পর সংশোধিত বরাদ্দ ‘কোড-৩২৫১১০৯ বীজ ও চারা’ উপখাতে ৩৫২৯৬.৬৪৫ লক্ষ (তিনশত বায়ান্ন কোটি ছিয়ানব্বই লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত) টাকা হতে ৪.০০ লক্ষ (চার লক্ষ) টাকা; ‘কোড-৩২৫১১০৫ সার’ উপখাত বরাদ্দকৃত ১৭৭০৩.৩৫৫ লক্ষ (একশত সাতাত্তর কোটি তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকা হতে ১৯.৩৬০ লক্ষ (উনিশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা; ‘কোড-৩৬৩১১৯৯ অন্যান্য অনুদান’ উপখাতে বরাদ্দকৃত ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ১৮১.৬৪০ লক্ষ (এক কোটি একাশি লক্ষ চৌষট্টি হাজার) টাকা সর্বমোট ২০৫.০০ লক্ষ (দুই কোটি পাঁচ লক্ষ) টাকা আউশ ধানের সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্তে বিনামূল্যে বীজ, সার ও অন্যান্য সহায়তা বাবদ কৃষকদের মাঝে বিতরণের জন্য ০৩নং অনুচ্ছেদে জেলাওয়ারী বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত ‘বাস্তবায়ন পদ্ধতি’ এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ৩৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এর অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। **খরিপ মৌসুমে আউশ ধানের সমলয়ে চাষাবাদের (২০ একর ১টি ব্লকের জন্য) খরচের বিবরণী :**

| ক্রমিক নং | খরচের খাত | পরিমাণ/সংখ্যা (টি/কেজি/জন) | একক খরচ (টাকা) | মোট খরচ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ট্রে বাবদ | ৯০ | ১২০ | ১০৮০০ |
| ২ | বীজ (উফশী বীজ (ফলন চালে প্রতি হেক্টরে ২.৭৯ টনের বেশী) | ১০ | ৫০ | ৫০০ |
| ৩ | ট্রে তৈরী, মাটি সংগ্রহ ও বীজ বপন | ৪ | ৫০০ | ২০০০ |
| ৪ | বীজতলার পরিচর্যা | ৪ | ৫০০ | ২০০০ |
| ৫ | রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে চারা রোপন | থোক | ৩০০০ | ৩০০০ |
| ৬ | রাসায়নিক সার | | | |
| | ইউরিয়া | ৬০ | ২৫ | ১৫০০ |
| | ডিএপি | ২০ | ১৯ | ৩৮০ |
| | এমওপি | ৩০ | ১৮ | ৫৪০ |
| | | সার উপমোট | | ২৪২০ |
| ৭ | ফসল কাটা (কম্বাইন হারভেস্টার দিয়ে, মাড়াই, ঝাড়াই) | থোক | ৪৪৮০ | ৪৪৮০ |
| ৮ | আনুষংগিক ব্যয় | থোক | থোক | ৩০০.০০ |
| | | **একর প্রতি মোট খরচ** | | **২৫৫০০.০০** |
| ৯ | ২০ একর ব্লকের জন্য খরচ | ২০ | ২৫৫০০ | ৫১০০০০ |
| ১০ | প্রযুক্তি প্রদর্শনী বোর্ড (৮’*৫’ ফুট) | ১ | ১৫০০ | ১৫০০ |
| ১১ | সাইন বোর্ড (৩’*৫’ ফুট) | ২ | ৫০০ | ১০০০ |
| ২০ একর ১টি ব্লকের জন্য মোট খরচ সাইনবোর্ডসহ (সেচ ও অন্যান্য পরিচর্যা বাদে) | | | | ৫১২৫০০ |

**১ টি ব্লকের জন্য খরচ= ৫.১২৫ লক্ষ টাকা**
**৪০ টি ব্লকের জন্য খরচ= ২০৫.০০০ লক্ষ টাকা**

০৩। ২০২৩-২৪ অর্থবছরে খরিপ মৌসুমে আউশ ধানের সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শনী স্থাপনের নিমিত্ত কৃষি প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক ব্লক সংখ্যা, কৃষক সংখ্যা, সার ও বীজের পরিমাণ এবং অর্থ বিভাজন নিম্নরূপ:

| ক্র: নং | জেলার নাম | ব্লকের সংখ্যা (টি) | প্রতিটি ব্লকের আয়তন (একর) | ব্লকের মোট আয়তন (একর) | কৃষক সংখ্যা (জন) | বীজের পরিমান (মে.টন) | রাসায়নিক সারের পরিমান (মে.টন) | | | | মোট উপকরণ (মে.টন) | উপকরণের ব্যয় (লক্ষ) টাকা | | | | | | মোট ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | “৩২৫১১০৯ - বীজ ও চারা” | “৩২৫১১০৫ – সার” | | | | “৩৬৩১১৯৯ — অন্যান্য অনুদান” | |
| | | | | | | | | | | | | বীজ | সারের মূল্য (লক্ষ টাকা) | | | | বীজ ও সার বাদে অন্যান্য আনুষঙ্গিক ব্যয় | |
| | | | | | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | মোট সার | | | ইউরিয়া | ডিএপি | এমওপি | মোট | | |
| ১ | কিশোরগঞ্জ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২ | ময়মনসিংহ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৩ | নেত্রকোনা | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৪ | কুমিল্লা | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ৫ | চাঁদপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৬ | ব্রাহ্মণবাড়িয়া | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৭ | সিলেট | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ৮ | মৌলভীবাজার | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ৯ | হবিগঞ্জ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১০ | সুনামগঞ্জ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১১ | চট্টগ্রাম | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১২ | নোয়াখালী | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১৩ | লক্ষীপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১৪ | রাজশাহী | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ১৫ | নওগাঁ | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ১৬ | চাঁপাই নবাবগঞ্জ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১৭ | বগুড়া | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১৮ | পাবনা | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ১৯ | রংপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২০ | গাইবান্ধা | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২১ | দিনাজপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২২ | ঠাকুরগাঁও | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৩ | যশোর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৪ | ঝিনাইদহ | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৫ | কুষ্টিয়া | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৬ | চুয়াডাঙ্গা | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৭ | মেহেরপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৮ | বরিশাল | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ২৯ | পিরোজপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৩০ | পটুয়াখালী | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| ৩১ | বরগুনা | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ৩২ | ভোলা | ২ | ২০ | ৪০ | ১২০ | ০.৪০০ | ২.৪০০ | ০.৮০০ | ১.২০০ | ৪.৪০০ | ৪.৮০০ | ০.২০০ | ০.৬০০ | ০.১৫২ | ০.২১৬ | ০.৯৬৮ | ৯.০৮২ | ১০.২৫০ |
| ৩৩ | শরীয়তপুর | ১ | ২০ | ২০ | ৬০ | ০.২০০ | ১.২০০ | ০.৪০০ | ০.৬০০ | ২.২০০ | ২.৪০০ | ০.১০০ | ০.৩০০ | ০.০৭৬ | ০.১০৮ | ০.৪৮৪ | ৪.৫৪১ | ৫.১২৫ |
| | মোট | ৪০ | | ৮০০ | ২৪০০ | ৮.০০০ | ৪৮.০০ | ১৬.০০ | ২৪.০০ | ৮৮.০০ | ৯৬.০০ | **৪.০০** | ১২.০০ | ৩.০৪০ | ৪.৩২০ | **১৯.৩৬০** | **১৮১.৬৪০** | **২০৫.০০** |

০৪। '২০২৩-২৪ অর্থবছরে খরিপ মৌসুমে কৃষকদের মাঝে আউশ ধানের সমলয়ে চাষাবাদ (Synchronize Cultivation) ব্লক প্রদর্শণী স্থাপনের নিমিত্ত প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি' (পতাকা-ক) এবং মনিটরিং কাজের সুবিধার্থে একটি 'কৃষক তথ্য ছক' (পতাকা-খ) অনুমোদন করা যেতে পারে;

০৫। কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উফশী আউশ ফসল আবাদের জমি এবং চলতি খরিপ মৌসুমে উফশী আউশ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে উফশী আউশ চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী উপজেলাভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৫. উফশী আউশ ধানের সমলয়ে চাষাবাদ (**Synchronize Cultivation**) ব্লক প্রদর্শণী ৩৩ জেলায় ৪০ টি উপজেলায় বাস্তবায়িত হবে;

৬. কৃষি প্রণোদনা কার্যক্রম (সমলয়ে চাষাবাদ ব্লক প্রদর্শনী) বাস্তবায়নের লক্ষ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তাগনের মাধ্যমে ব্লক প্রদর্শনীর স্থান, কৃষক নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ সংগ্রহ, বিতরণ ও অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৭. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/ ব্লক প্রদর্শণীভুক্ত কৃষক বা কৃষক গুপ জমির পরিমান অনুসারে বরাদ্দকৃত বিভাজন মোতাবেক উপকরণ সহায়তা পাবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা ১ টি রেজিস্টারে ব্লকভুক্ত কৃষকের নাম, মোবাইল নম্বর, বিতরণকৃত উপকরণের পরিমান, তারিখসহ পরিচর্যা গ্রহন, বীজ বপন, চারা রোপনের তারিখ, কর্তনের তারিখ ও ফলাফলসহ সকল তথ্যাদি লিপিবদ্ধ করবেন;

৮. সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/ কাছাকাছি এমন কমপক্ষে ২০ জনের বা ততধিক কৃষক/ কৃষক গ্রুপ নির্বাচন এবং ২০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় এলাকা উপযোগী আউশ ধানের হেক্টর প্রতি ২.৯২ টনের বেশী (চালে) উফশী বীজ বিএডিসি হতে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাঙ্ক্ষিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. এ কর্মসূচির আওতায় আউশ ধানের সমলয়ে (Synchronize) চাষাবাদের ব্লক প্রদর্শণীতে ৩ ফুট*৫ ফুট আকারের ২ টি (সাইনবোর্ডে হাইব্রিড বীজের জাতের নাম, প্রাপ্তির উৎস, উপকরণের পরিমান, দায়িত্বপ্রাপ্ত উপসহকারীর নাম উল্লেখ করতে হবে) এবং ৮ ফুট * ৫ ফুট আকারের ১ টি প্রযুক্তি প্রদর্শ্নীর সাইনবোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে;

১২. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৩. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১৪. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি ৩৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৬. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৩৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৭. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা

সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.৯৮

তারিখ : ১৯ বৈশাখ ১৪৩১ / ০২ মে ২০২৪

অত্র আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩.

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

বাজেট-২০ শাখা

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২০.৯৮

তারিখ : ১৯ বৈশাখ ১৪৩১ / ০২ মে ২০২৪

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৩ জেলা)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৩টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৩৩ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. অফিস কপি।

04/07/2018

(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

**প্রণোদনার উদ্দেশ্যঃ**

১. কৃষকদের মধ্যে সমবায়ী মনোভাব গড়ে তোলা।
২. স্বল্প সময়ে কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে আউশ ধান রোপন ও কর্তন করা।
৩. আউশ ধান উৎপাদনে কৃষি যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি করা, আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ করা, শ্রমিক সাশ্রয় করে উৎপাদন খরচ কমানো।
৪. আউশ ধান চাষের আধুনিক কলাকৌশল সম্পর্কে কৃষকদের সম্যক ধারণা প্রদান করা।
৫. কর্মসূচির আওতাভূক্ত ও পার্শ্ববর্তী কৃষকদের কৃষিযন্ত্রের ব্যবহার এবং সমলয়ে চাষাবাদে উদ্বুদ্ধ করা।
৬. রোগ ও পোকামাকড়ের আক্রমণ নিয়ন্ত্রণে রাখা।

**খ) প্রণোদনা কার্যক্রমের যৌক্তিকতা**

উৎপাদনের নিরিখে বাংলাদেশে দানাদার ধান ফসলের মধ্যে আউশ ধানের অবস্থান তৃতীয়। ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সাথে জমি বাড়ছে না। কিন্তু বর্ধিত জনসংখ্যার খাদ্য চাহিদা মিটানোর জন্য ধান ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। মোট উৎপাদন বাড়ানোর জন্য আউশ ধানের উফশী জাতের আবাদ বাড়ানো দরকার। এছাড়া আধুনিক প্রযুক্তির সম্প্রসারণসহ আউশ ধানের উৎপাদন খরচ কমানো, শ্রমিক সংকট নিরসন ও সময় সাশ্রয়ের লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণের ব্যবহার এবং সমলয়ে চাষাবাদে কৃষকগণকে উৎসাহিত এবং এ কর্মসূচির মাধ্যমে আউশ ফসলের উফশী জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা।

**গ) প্রত্যাশিত সুফলঃ**

এ কর্মসূচির আওতায় ২৪০০ জন উপকারভোগী কৃষক আউশ ফসলের উপকরণ সহায়তা পাবে। এতে ৩৩ জেলার ৪০ টি উপজেলায় ৪০ টি সমলয়ে চাষাবাদে আউশ ধান চাষের ব্লক প্রদর্শনী বাস্তবায়িত হবে। ৪০ টি ব্লক প্রদর্শনীতে প্রতিটি ২০ একর হিসেবে মোট ৮০০ একর বা ৩২০ হেক্টর উফশী জাতের আউশ ধান আবাদ বৃদ্ধি পাবে। এতে প্রায় ০.০০৯৩৪ লক্ষ মে.টন (প্রতি হেক্টরে ২.৯২ টন) চাল উৎপাদন করা সম্ভব হবে, যার মূল্য হবে ৪১১.১৪ লক্ষ টাকা। ৩২০ হেক্টর জমি থেকে প্রাপ্ত খড় ০.০১৮৬৯ লক্ষ মে.টন এবং খড়ের মূল্য প্রায় ২৮.০৩ লক্ষ টাকা। কাজেই ৩২০ হেক্টর জমিতে চাল ও খড় হতে পাওয়া যাবে মোট ৪৩৯.১৭ লক্ষ টাকা। হেক্টর প্রতি ১.১৭৮ লক্ষ টাকা হিসেবে ৩২০ হেক্টর জমিতে উফশী আউশ ধান চাষে খরচ হবে ৩৭৬.৯৬ লক্ষ টাকা। অর্থাৎ ব্যয় ও আয়ের অনুপাত হবে= ১: ১.১৭।

## বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উফশী আউশ ফসল আবাদের জমি এবং চলতি খরিপ মৌসুমে উফশী আউশ ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে উফশী আউশ চাষাবাদের উপযুক্ততা অনুযায়ী উপজেলাভিত্তিক বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন কৃষক করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;
৫. উফশী আউশ ধানের সমলয়ে চাষাবাদ (**Synchronize Cultivation**) ব্লক প্রদর্শণী ৩৩ জেলার ৪০ টি উপজেলায় বাস্তবায়িত হবে;
৬. সমলয়ে (Synchronize) চাষাবাদের সুবিধার্থে যাদের জমি পাশাপাশি/ কাছাকাছি এমন কমপক্ষে ২০ জনের বা ততধিক কৃষক/ কৃষক গ্রুপ নির্বাচন এবং ২০ একরের একটি ব্লক প্রদর্শনী বাস্তবায়ন করতে হবে;

৭. কৃষি প্রণোদনা কার্যক্রম (সমলয়ে চাষাবাদ ব্লক প্রদর্শনী) বাস্তবায়নের লক্ষ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তাগনের মাধ্যমে ব্লক প্রদর্শনীর স্থান, কৃষক নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন এবং উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ সংগ্রহ, বিতরণ ও অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৮. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক/ ব্লক প্রদর্শণীভুক্ত কৃষক বা কৃষক গ্রুপ জমির পরিমান অনুসারে বরাদ্দকৃত বিভাজন মোতাবেক উপকরণ সহায়তা পাবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা ১ টি রেজিষ্টারে ব্লকভুক্ত কৃষকের নাম, মোবাইল নম্বর, বিতরণকৃত উপকরণের পরিমান, তারিখসহ পরিচর্যা, বীজ বপন, চারা রোপনের তারিখ, কর্তনের তারিখ ও ফলাফলসহ সকল তথ্যাদি লিপিবদ্ধ করবেন;

৯. এ কর্মসূচির আওতায় এলাকা উপযোগী উফশী আউশ ধানের হেক্টর প্রতি ২.৯২ টনের বেশী (চালে) উফশী বীজ বিএডিসি হতে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে;

১০. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ কাঙ্ক্ষিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১১. এ কর্মসূচির আওতায় উফশী আউশ ধানের সমলয়ে (Synchronize) চাষাবাদের ব্লক প্রদর্শণীতে ৩ ফুট*৫ ফুট আকারের ২ টি (সাইনবোর্ডে হাইব্রিড বীজের জাতের নাম, প্রাপ্তির উৎস, উপকরণের পরিমান, দায়িত্বপ্রাপ্ত উপসহকারীর নাম উল্লেখ করতে হবে) এবং ৮ ফুট * ৫ ফুট আকারের ১ টি প্রযুক্তি প্রদর্শনীর সাইনবোর্ড দর্শনীয় স্থানে স্থাপন করতে হবে;

১২. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১৩. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ উপকরণ বিতরণে ও প্রদর্শণী বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করবেন;

১৪. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভূক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি ৩৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৬. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৩৩ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৭. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

০৮/০৫/২০২৪

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail- (admonitoring@dae.gov.bd/input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সারের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ- | |